

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


নং ৪৫.১৪৩.১১৬.০৪.০০.০০১.২০১৭-৫০১

তারিখঃ ৩০.০৭.২০১৯খ্রিঃ

বিষয়ঃ ডেঙ্গু নিয়ন্ত্রণ ও চিকিৎসা ব্যবস্থা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ডেঙ্গু প্রতিরোধ ও চিকিৎসা ব্যবস্থা নিশ্চিতকরণ, বর্তমানে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধিরোধ এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (১) সংশ্লিষ্ট হাসপাতাল, সেবা কেন্দ্র, বাসস্থানসহ সংশ্লিষ্ট এলাকায় ডেঙ্গু বংশবিস্তারের স্থানগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও মশার ঔষধ ছিটানো এবং আক্রান্ত রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা;
- (২) জনসচেতনতা সৃষ্টির জন্য মাইকিং/লিফলেট বিতরণ/ব্যানার-ফেস্টুন তৈরি করে সরবরাহ করা;
- (৩) সকল সরকারি ও বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে ষথাসময়ে রোগীর সেবা প্রদান নিশ্চিত করা;
- (৪) বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান যাতে অতিরিক্ত ফি আদায় করতে না পারে সে বিষয়ে মনিটরিং করা;
- (৫) এ সকল কার্যক্রম পরিচালনার জন্য স্থানীয় জনপ্রতিনিধি, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় সাধন;
- (৬) যারা ডেঙ্গুতে আক্রান্ত হয়ে সরকারি বা বেসরকারি হাসপাতালে ভর্তি হবে তাঁদের নাম ঠিকানা, টেলিফোন নম্বর, ব্লাড গ্রুপসহ অন্যান্য বিবরণী হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক রেকর্ড করা;

  
(শারমিন আক্তার জাহান)  
উপসচিব (পার-২)  
ফোনঃ ৯৫৪০২০৪

বিতরণঃ

১. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/রংপুর/বরিশাল/ময়মনসিংহ
২. পরিচালক (সকল).....
৩. তত্ত্বাবধায়ক (সকল).....
৪. সিভিল সার্জন (সকল).....
৫. উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).....

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪. মাননীয় মন্ত্রী একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)